



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/আরপি/ডিপি-২০২৪/১৯৯৪

তারিখ: ১২/০৬/২০২৪

জনাব দিপু কুমার কণ্ঠ

আইডি# ৩৮৩৪

ক্লাস্টার অফিসার

রেজিলিয়েন্স, এন্ট্রাপ্রেনিওরশীপ অ্যান্ড লাইভলিহুড ইন্স্টিটিউট (আরইএলআই) প্রজেক্ট

আইএলআই-০৪নং বেতগাড়ী ক্লাস্টার, রংপুর, এসডিএফ, রংপুর অঞ্চল।

বিষয়: এসডিএফ-এর আরইএলআই প্রকল্পের ক্লাস্টার কর্মকর্তা পদের চাকরির চুক্তির মেয়াদ অবসান প্রসঙ্গে।

যেহেতু, আপনার দায়িত্বাধীন ক্লাস্টারের ৩টি গ্রাম সমিতির (ব্রহ্মোত্তর, ডাঙ্গি পাইকান ও আলদাদপুর দশআনী) অফিস ঘরের জন্য জমি ক্রয় না করে জুলাই'২৩, আগস্ট'২৩ ও সেপ্টেম্বর'২৩ মাসসমূহে জমি ক্রয়ের অসত্য অগ্রগতি প্রতিবেদন দাখিল করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিভ্রান্ত করেছেন যা কর্তৃপক্ষকে অবজ্ঞা, দায়িত্ব পালনে চরম অবহেলা ও অসততার সামিল;

যেহেতু, আপনার দায়িত্বাধীন ২৫টি গ্রাম সমিতির মধ্যে ২২টি গ্রাম সমিতির জন্য ক্রয়কৃত জমির নামজারী/মিউটিশন এর লক্ষ্যে বিগত ০৯/০১/২০২৩ তারিখ থেকে ১৯/১২/২০২৩ তারিখ পর্যন্ত বিভিন্ন সময়ে সর্বমোট ১,১৫,০০০/- টাকা সংশ্লিষ্ট দলিল লেখকের নিকট থেকে সংগ্রহ করে সমুদয় টাকা দীর্ঘদিন হস্তমজুদ রেখেছেন। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হলে বিগত ০৬/০৫/২০২৪ তারিখে সংশ্লিষ্ট জেলা ব্যবস্থাপকের উপস্থিতিতে বিধি-বহির্ভূতভাবে হস্তমজুদকৃত ১,১৫,০০০/- টাকা সংশ্লিষ্ট গ্রাম সমিতির প্রতিনিধিদের নিকট ফেরত প্রদান করেছেন যা চরম আর্থিক অনিয়ম ও গুরুতর শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, আপনার দায়িত্বাধীন বিভিন্ন গ্রাম সমিতির সেবা ও পণ্য ক্রয়ের টাকা একাউন্টস পে-ই চেকের মাধ্যমে পরিশোধ না করে কিছু চেক তিনি নিজ নামে ও কিছু চেক সাপোর্ট স্টাফ মো: সালাউদ্দিন এর নামে উত্তোলন করে উল্লিখিত বিলসমূহ নগদ টাকায় পরিশোধ করেছেন যা 'কম' এর নীতিমালা বহির্ভূত;

যেহেতু, আপনার ক্লাস্টারের আওতাধীন পাকুরিয়া শরীফ গ্রাম সমিতির ভিসিও এর হিসাব নম্বর এর চেক বই এর একটি পাতা সুকৌশলে ভিসিও লিডারের নিকট হতে বিগত ১৯/০২/২০২৪ তারিখে গ্রহণ করেছেন। পরবর্তীতে বিগত ২০/০২/২০২৪ তারিখে উক্ত চেক ব্যবহার করে জনতা ব্যাংক, বেতগাড়ী শাখা হতে ৩,০০,০০০/- টাকা উত্তোলন করে হস্তমজুদ করেছেন এবং বিগত ২৩/০৪/২০২৪ তারিখে বিধি-বহির্ভূতভাবে হস্তমজুদকৃত ৩,০০,০০০/- টাকা পাকুরিয়া শরীফ গ্রাম সমিতির ভিসিও হিসাব নম্বরে জমা প্রদান করেছেন যা চরম আর্থিক অনিয়ম, অসততা ও গুরুতর শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও আপনার স্বীকারোক্তির আলোকে উল্লিখিত বিষয়সমূহের সত্যতা প্রতীয়মান হওয়ায় কারণ দর্শানোর নোটিশের বিপরীতে আপনার জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি;

যেহেতু, তাঁর এরূপ অর্থ আত্মসাৎ, অসততা, 'কম' নীতিমালা লঙ্ঘন, দায়িত্ব পালনে চরম অবহেলা, সংস্থার ভাবমূর্ত্তিক্ষুন্ন করা ইত্যাদি বিধি বহির্ভূত কর্মকান্ডসমূহ এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক মারাত্মক অসদাচরণের সামিল এবং উল্লিখিত Manual অনুযায়ী বরখাস্তকরণসহ অন্যান্য শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উল্লিখিত আর্থিক অনিয়মসহ গুরুতর অপরাধের কারণে এসডিএফ-এ আপনার চাকরির চুক্তির মেয়াদ বর্ধিতকরণ সমীচীন নয়। ক্লাস্টার কর্মকর্তা পদে আপনার চাকরির চুক্তির মেয়াদ আগামী ৩০/০৬/২০২৪ তারিখে শেষ হবে। সে মোতাবেক আগামী ০১/০৭/২০২৪ তারিখ থেকে আপনার চাকরির চুক্তির মেয়াদ অবসান কার্যকর হবে। এক্ষেত্রে আপনার উপর অর্পিত দায়িত্ব শেষ কর্ম দিবস অর্থাৎ ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার জন্য বলা হলো।

ড. অমিতান্ত সরকার

ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) পরিচালক, অর্থ ও ক্রয়, এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, রংপুর অঞ্চল।
- ৩) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), এসডিএফ, ঢাকা।
- ৪) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, রংপুর।
- ৫) অফিস কপি।